রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২০, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা আষাঢ়, ১৩৯৫/১৬ই জুন, ১৯৮৮

নং এস, আর, ও ১৬৬ আইন/৮৮এন এন্ড এল—Excise Act, 1909 (Ben. Act V of 1909) এর section 27 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সাবেক পূর্ববংগ সরকারের ১৯৫০ সালের ২৫শে মার্চ তারিখের Notification No. 427 FT বাতিলক্রমে, নিম্নবর্ণিত আবগারী করারোপযোগ্য দ্রব্যাদি (excisable articles) এর উপর উহাদের পার্শ্বে উল্লিখিত হারে আবগারী শুল্ক আরোপ ও আদায়ের নির্দেশ প্রদান করিলেন:

| আবগারী করারোপযোগ্য দ্রব্যাদির বিবরণ | আবগারী শুল্কের হার | |
|---|---|---|
| (১) দেশী মদ: | | |
| (ক) চা বাগান ব্যতীত দেশের অন্যান্য সকল এলাকার জন্য। | প্রতি এল, পি, জি, টাকা | ৩০০ |
| (খ) চা বাগান এলাকার জন্য .. .. | প্রতি এল, পি, জি, টাকা | ১৫০ |
| (২) মিথাইল এলকোহল .. .. | প্রতি এল, পি, জি, টাকা | ২২৫ |



মূল্য: ·৬০ পয়সা

| আবগারী করারোপযোগ্য দ্রব্যাদির বিবরণ | আবগারী শুল্কের হার | | |
|---|---|---|---|
| (৩) রেকটিফাইড স্পিরিট : | | | |
| (ক) বাৎসরিক সর্বোচ্চ ৮(আট) লণ্ডন প্রুফ গ্যালন পর্যন্ত অনুমোদিত হোমিওপ্যাথিক চিকিৎসকের লাইসেন্সের অধীনে হোমিও ডাইলিউশনের জন্য সরবরাহকৃত রেকটি-ফাইড স্পিরিট। | প্রতি এল, পি, জি, | টাকা | ৫০ |
| (খ) অন্যান্য .. .. .. | প্রতি এল, পি, জি, | টাকা | ২২৫ |
| (৪) বাংলাদেশে প্রস্তুত বিলাতী মদ .. .. | প্রতি এল, পি, জি, | টাকা | ৭৫০ |
| (৫) ডিনেচার্ড স্পিরিট .. .. | প্রতি বাল্ক গ্যালন, | টাকা | ৫০ |
| (৬) গাঁজা .. .. .. | প্রতি কেজি | টাকা | ৬৫০ |
| (৭) ভাং .. .. .. | প্রতি কেজি | টাকা | ৬৫ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, আকরাম**
অতিরিক্ত সচিব।

---

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ৩রা আষাঢ়, ১৩৯৫/১৬ই জুন, ১৯৮৮**

**নং এস, আর, ও ১৬৭ আইন/৮৮এন এন্ড এল**—Excise Act, 1909 (Ben. Act V of 1909) এর sections 4, 5, 19(4), 85 এবং 86 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Excise (Foreign and Country Liquor Prohibition and Restriction) Rules, 1950 এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উক্ত Rules এর rule 26 এ—

(১) Clause (a) তে,—

(ক) "PR IV" অক্ষরগুলি ও সংখ্যাটির পরিবর্তে "PR II or PR IV" অক্ষরগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) "fifty poisha" এবং "rupees five" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "ten taka" এবং "one hundred taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) Clause (b) তে "fifty poisha" এবং "rupees two" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "two taka" এবং "twenty taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) Clause (c) তে "rupees two" এবং "rupee one" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "fifty taka" এবং "twenty taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) Clause (d) তে "rupees fifteen" শব্দগুলির পরিবর্তে "three hundred taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(৫) Clause (e) তে "PR II or" অক্ষরগুলি, সংখ্যাটি ও শব্দটি বিলুপ্ত হইবে।

২। এই আদেশ ১লা জুলাই, ১৯৮৮ মোতাবেক ১৮ই আষাঢ়, ১৩৯৫ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, আকরাম
অতিরিক্ত সচিব।

---

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা আষাঢ়, ১৩৯৫/১৬ই জুন, ১৯৮৮

নং এস, আর, ও ১৬৮ আইন/৮৮এন এক্স প্রুল—Excise Act, 1909 (Ben. Act V of 1909) এর section 86 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সাবেক বেংগল সরকারের ১৯৪২ সালের ১১ই সেপ্টেম্বর তারিখের Notification No. 9184 EX বাতিলক্রমে নিম্নলিখিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। এই বিধিমালা দেশী ও বিলাতী মদ (লাইসেন্স ফিস) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "বিলাতী মদ" বা "foreign liquor" অর্থ—

(১) হুইস্কি, ব্রাণ্ডি, জিন, ভদকা, মল্ট, রাম, লিকিওর, বিটার, ২০% বা ততোধিক প্রুফ স্পিরিটের সম পরিমাণ এলকোহল সম্পন্ন মেডিকেটেড ওয়াইনসহ ওয়াইন, সাইডার, প্রেরী অথবা বিয়ার অথবা উপরি-উক্ত নিকারের দুই বা ততোধিক অন্য কোন মিশ্রণ, যাহা;—

(ক) বাংলাদেশে আমদানী করা হইয়াছে এবং আমদানীকালে Customs Act, 1969 (IV of 1969) এর অধীনে শুল্ক আরোপযোগ্য ছিল, অথবা

(খ) বাংলাদেশে উৎপাদিত হইয়াছে; এবং

(২) সরকার বা সরকারের কর্তৃত্বাধীনে প্রদত্ত লাইসেন্সের অধীনে দেশে উৎপাদিত যে কোন মদ্য জাতীয় পানীয় যাহা বর্ণ অথবা ঘ্রাণে হুইস্কি, ব্রাণ্ডি, জিন, ভদকা, মল্ট, রাম, লিকিওর, বিটার এর সদৃশ এবং সমপর্যায়ভুক্ত অথবা এই জাতীয় অন্য যে কোন পানীয়;

(খ) "দেশী মদ" বা "country liquor" অর্থ বাংলাদেশে প্রস্তুত যে কোন স্পিরিট যাহার উৎপাদনে গুড়, চিটাগুড়, ডিন অথবা মহুয়া মৌল উপাদান হিসাবে ব্যবহার করা হইয়াছে;

(গ) "রেকটিফাইড স্পিরিট" বা (Rectified spirit) অর্থ সাধারণ যে কোন স্পিরিট যাহার শক্তি অন্যূন ৪০ ডিগ্রী ওভার প্রুফ;

(ঘ) "ডিনেচার্ড স্পিরিট" বা (Denatured spirit) অর্থ উপরি-উক্ত Act এর section 86 এর clause (3) এর অধীনে প্রণীত বিধি মোতাবেক ডিনেচারেন্ট (Denaturant) মিশ্রিত সাধারণ স্পিরিট;

(ঙ) "লাইসেন্সধারী কেমিষ্ট" অর্থ Controller of Narcotics and Liquor এর অনুমোদনক্রমে মেডিকেটেড ওয়াইন (medicated wine) বিক্রয়ের জন্য লাইসেন্সপ্রাপ্ত যে কোন কেমিষ্ট, ড্রাগিষ্ট অথবা ডিসপেনসারীর মালিক;

(চ) "লাইসেন্সপ্রাপ্ত ডিলার" অর্থ Controller of Narcotics and liquor কর্তৃক অনুমোদিত যে কোন ব্যক্তি যিনি অন্য কোন লাইসেন্সপ্রাপ্ত ডিলার অথবা লাইসেন্সপ্রাপ্ত কেমিষ্ট অথবা বিলেতী মদ বিক্রয়ের জন্য অনুমোদিত যে কোন ব্যক্তির নিকট, মেডিকেটেড ওয়াইন বিক্রয়ের জন্য লাইসেন্সপ্রাপ্ত।

৩। বিলাতী মদের কম্পাউন্ডিং, ব্লেন্ডিং বোটলিং এবং পাইকারী বিক্রয়ের জন্য গৃহীত প্রত্যেক লাইসেন্সের জন্য প্রতি অর্থ বৎসরে নিম্নরূপ হারে অগ্রীম ফিস প্রদান করিতে হইবে:

| | | | |
|---|---|---|---|
| (ক) কম্পাউন্ডিং ও ব্লেন্ডিং লাইসেন্সের জন্য | .. | টাকা | ৪৫০০ |
| (খ) বোটলিং লাইসেন্সের জন্য | .. .. | টাকা | ৭৫০ |
| (গ) পাইকারী বিক্রয়ের লাইসেন্সের জন্য | .. .. | টাকা | ৬০০ |

৪। নিম্নের টেবিল এর ১নং কলামে বর্ণিত লাইসেন্সের জন্য প্রতি অর্থ বৎসরে ২নং কলামে বর্ণিত হারে অগ্রীম ফিস প্রদান করিতে হইবে:—

টেবিল

| লাইসেন্সের বিবরণ | ফিসের হার |
|---|---|
| ১ | ২ |
| | টাকা |
| (১) জনসাধারণ কর্তৃক পাট্টা চৌহদ্দীর বাহিরে সেবনের জন্য বিলাতী মদ বিক্রয়ের লাইসেন্স ('অফ' লাইসেন্স)। | ১৫০০ |
| (২) হোটেল, রেস্তোরাঁ, হোটেল-কাম-রেস্তোরাঁ, নাট্যশালা, প্রেক্ষাগৃহ এবং আমোদ-প্রমোদের স্থায়ী স্থানে স্থাপিত বার এ জনসাধারণ কর্তৃক সেবনের উদ্দেশ্যে বিলাতী মদ বিক্রয়ের লাইসেন্স ('অন' লাইসেন্স)। | ১৫০০ |

| ১ | ২ |
|---|---|
| | টাকা |
| (৩) হোটেলে বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স .. .. | ১৫০০ |
| (৪) রেস্তোরাঁয় বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স .. .. | ১৫০০ |
| (৫) হোটেল-কাম-রেস্তোরাঁয় স্থাপিত বার এ বিলাতী মদ বিক্রয়ের লাইসেন্স .. | ১৫০০ |
| (৬) নাট্যশালা, সিনেমা অথবা আমোদপ্রমোদের অন্য যে কোন স্থানে স্থাপিত বার এ বিলাতী মদ বিক্রয়ের লাইসেন্স। | ১৫০০ |
| (৭) রেলওয়ে রিফ্রেশমেন্ট রুমের জন্য বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স | ১৫০০ |
| (৮) রেলওয়ের ডাইনিং কার, ষ্টিমার অথবা ডাকবাংলোয় বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স। | ১৫০০ |
| (৯) ক্লাব, মেস অথবা সমপর্যায়ের অন্য কোন প্রতিষ্ঠানে বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স। | ৩০০০ |
| (১০) সামরিক কেন্টিনে বিলাতী মদ বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ১৫০০ |
| (১১) লাইসেন্সপ্রাপ্ত ডিলার কতৃক মেডিকেটেড ওয়াইন পাইকারী বিক্রয়ের জন্য লাইসেন্স। | ১৫০০ |
| (১২) লাইসেন্সপ্রাপ্ত কেমিষ্ট কর্তৃক মেডিকেটেড ওয়াইন খুচরা বিক্রয়ের জন্য লাইসেন্স : | |
| (ক) পৌর এলাকায় .. .. .. .. | ১১২৫ |
| (খ) অন্যান্য এলাকায় .. .. .. | ৭৫০ |
| (১৩) অনুমোদিত এলোপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক রেকটিফাইড স্পিরিট মৌজুদ রাখার লাইসেন্স। | ১৫০০ |
| (১৪) হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতের উদ্দেশ্যে রেকটিফাইড স্পিরিট মৌজুদ রাখার লাইসেন্স। | ৩৭৫ |
| (১৫) শিল্পে ব্যবহৃত রেকটিফাইড স্পিরিট মৌজুদ রাখার লাইসেন্স .. | ৫০০ |
| (১৬) ডিনেচার্ড স্পিরিট পাইকারী বিক্রয়ের জন্য লাইসেন্স .. | ১৫০০ |
| (১৭) ডিনেচার্ড স্পিরিট খুচরা বিক্রয়ের জন্য লাইসেন্স .. .. | ৩৭৫ |
| (১৮) ব্যবসার উদ্দেশ্যে ব্যক্তিগত মৌজুদের জন্য নির্ধারিত পরিমাণের অতিরিক্ত ডিনেচার্ড স্পিরিট মৌজুদ রাখার জন্য লাইসেন্স। | ২২৫ |

| ১ | ২ |
|---|---|
| | টাকা |
| (১৯) হোমিও মাদারটিংচার উৎপাদনের জন্য রেকটিফাইড স্পিরিট মৌজুদ রাখার লাইসেন্স। | ১৫০০ |
| (২০) দেশী মদ মৌজুদ ও জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য লাইসেন্স : | |
| (ক) পৌর এলাকায় .. .. .. .. | ৩০০০ |
| (খ) অন্যান্য এলাকায় .. .. .. | ১৫০০ |

৫। এই বিধিমালা ১লা জুলাই ১৯৮৮ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, আকরাম
অতিরিক্ত সচিব।

মোঃ শফিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।